গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইসলামপুর, জামালপুর।
http//:islampur.jamalpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৫.৩৯২৯.০০০.০৩.১৯.২৩-৪৮৬

তারিখ : ০১ শ্রাবণ ১৪৩১ / ১৬ জুলাই ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত এস.আর ও নং ৮৯- আইন/২০১৫ তারিখ: ০৪ মে ২০১৫ এবং সংশোধিত প্রজ্ঞাপন এস.আর.ও নং-২৩২- আইন/২০১৭ তারিখ : ০৩ জুলাই ২০১৭) অনুযায়ী জামালপুর জেলা ইসলামপুর উপজেলা নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের নিকট হতে লিখিত চাহিদাপত্রের ভিত্তিতে দফাদার ও মহল্লাদার এর শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত স্ব-স্ব ইউনিয়নের (সংশ্লিষ্ট ওয়ার্ডের নাগরিককে অগ্রাধিকার দেয়া হবে) পুরুষ/মহিলা নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	শূন্য পদসমূহ		ওয়ার্ড নং	মন্তব্য
		দফাদার	মহল্লাদার		
১	০২ নং বেলগাছা ইউনিয়ন পরিষদ	-	০২ জন	১,৯	
২	০৩ নং চিনাডুলী ইউনিয়ন পরিষদ	০১ জন	০৪ জন	১,৩,৪,৮	
৩	০৪ নং সাপধরী ইউনিয়ন পরিষদ	-	০১ জন	৯	
৪	০৫ নং নোয়ারপাড়া ইউনিয়ন পরিষদ	-	০১ জন	৩	
৫	০৬ নং ইসলামপুর সদর ইউনিয়ন পরিষদ	-	০৪ জন	২,৫,৬,৭	
৬	০৮ নং পলাবান্ধা ইউনিয়ন পরিষদ	-	০১ জন	৫	
৭	০৯ নং গোয়ালেরচর ইউনিয়ন পরিষদ	-	০১ জন	৯	
৮	১০ নং গাইবান্ধা ইউনিয়ন পরিষদ	-	০২ জন	১,৮	
৯	১১ নং চরপুটিমারী ইউনিয়ন পরিষদ	-	০৩ জন	১,২,৭	
১০	১২ নং চরগোয়ালিনী ইউনিয়ন পরিষদ	-	০৩ জন	২,৪,৫	
	মোট	০১ জন	২২ জন		

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১	দফাদার	-	পদোন্নতির মাধ্যমে	মহল্লাদার পদে নূন্যতম ০৭ (সাত) বৎসরের চাকুরি
২	মহল্লাদার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগ	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:** (ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক);৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি **মহিলা প্রার্থীর ক্ষেত্রে:** ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক);৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি

আবেদনের শর্তাবলী:

১। আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুরকে সম্বোধন করে প্রেরণ করতে হবে।

২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমটি এ কার্যালয়ে ওয়েব সাইটে http//:islampur.jamalpur.gov.bd এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে পাওয়া যাবে। অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উক্ত আবেদন ফরমের ছায়ালিপি পাওয়া যাবে। কোন প্রকার ঘষামাজা ওভাররাইটিং ও কাটাছেঁড়া ব্যতীরেকে আবেদন দাখিল করতে হবে।

৩। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ছকে উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিয়নে যে ওয়ার্ডে নিয়োগ প্রদান করা হবে, সে ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদে নির্ধারিত ওয়ার্ডের যোগ্যপ্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড হতে শূণ্য পদে লোক নিয়োগ করা হবে।

৪। প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন তা খামের উপরে উল্লেখ করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে: (ক) চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (খ) জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (ঘ) অন্যান্য অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সত্যায়িত কপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূলকপি (চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি সাইজের রঙ্গিন ছবি (আবেদন ফরমের নির্ধারিত স্থানে লাগাতে হবে (ছ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এমন প্রমান পত্রের বা মূল সনদের সত্যায়িতি ছায়ালিপি (জ) এতিম, আনসার ও ভিডিপি এবং মহিলা কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমানপত্র সংযুক্ত করতে হবে (ঞ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যহৃত ১০ (দশ) টাকার ডাকটিকেটযুক্ত ১০X৪.৫ ইঞ্চি সাইজের খাম সংযুক্ত করতে হবে (ট) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হতে অথবা মুক্তিযোদ্ধার পোষ্য হতে মুক্তিযোদ্বা কোটায় প্রার্থীদের ছকে উল্লিখিত তথ্যাদি (আলাদা কাগজে) পূরণপূর্বক সনদের সত্যায়িত কপিসহ আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তিবার্তা নম্বর	গেজেট নম্বর ও তারিখ
১	২	৩	৪	৫	৬	৭

মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি- নাতনির দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র , পিতা মাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য
৮	৯	১০	১১	১২

৬। ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।প্রার্থীর বয়স ১৭ জুলাই ২০২৪ তারিখে ১৮ হতে ৩০বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান হলে বয়সমীমা ৩২বছর শিথিলযোগ্য।বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট/জন্ম নিবন্ধন গ্রহণযোগ্য হবে না।

৭। আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর এর অনুকুলে আবেদনকারীকে ৩০০/- (তিনশত)টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৮। আগামী ১৮আগষ্ট. ২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে

৯। অসম্পূর্ণ, ক্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পরে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কোন আপত্তি বিবেচনা করা হবে না এবং এ বিষয়ে নিয়োগকারী কর্তৃকপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১০। কম্পিউটার কম্পোজে প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

১১। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি বিধান ও কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে। প্রার্থী কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপরে এবং আবেদনের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৩। কর্তৃপক্ষ শূন্যপদ হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন রকম কারণ প্রদর্শন ছাড়াই কর্তৃপক্ষ যে কোন সময়ে/ পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬।০৭।২০২৪

মো: সিরাজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।
ই-মেইল: unoislampur@gmail.com
মোবাইল- ০১৭০৯৯৭০২৬৬